যুগান্তর

JAN 14 2002

# ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবে ভাষা শিক্ষা

রা[illegible]ব আহমেদ

ভাষার গুরুত্ব রয়েছে সব দেশেই। কথাবার্তা ছাড়াও পেশার খাতিরে প্রয়োজন রয়েছে বিভিন্ন ভাষার। আজকাল নিজেকে আরও সপ্রতিভ উপস্থাপনের ক্ষেত্রে বিভিন্ন ভাষা কাজে লাগছে। এগুলোর মধ্যে নিজ ভাষা ছাড়াও ইংরেজি, ফ্রেঞ্চ, স্প্যানিশ জাপানিজ ইত্যাদি অন্যতম। রকমারি ভাষা শিখতে আগ্রহী লোকজনের গুরুত্বের কথা চিন্তা করে রাজধানীর বিভিন্ন এলাকায় গড়ে উঠছে ইংরেজি অথবা অন্যান্য ভাষা শেখার ক্লাব। এদেরই একটি ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব।

**কেন ল্যাঙ্গুয়েজ ক্লাব**

এ প্রশ্ন অনেকেরই। তাছাড়া আজকাল অনেকেই



নিজেকে ছাত্র নামে রাখতে চান না। ফলে এখন এদের বলা হচ্ছে সদস্য। আর এই সদস্যরা নির্দিষ্ট ক্ষণে একত্রিত হয়ে সেরে নিচ্ছেন প্রয়োজনীয় ক্লাস। ঠিক এমনিভাবে শিক্ষাদান করে আসছে রাজধানীর ডিওএইচএস এলাকার ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব। ১৯৯৫ সাল থেকে পরিচালিত হয়ে আসছে এ ক্লাবটি। ক্লাবের প্রেসিডেন্ট মাসুদ এ খানের নেতৃত্বে ইতিমধ্যে এ ক্লাবটি এগিয়েছে অনেকখানি দূরত্ব: বর্তমানে ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবে সদস্যদের পাঠ পরিচালনা করা হচ্ছে সম্পূর্ণ নতুন ডায়ালগ সিস্টেমে। মাসুদ এ খানের মতে, আগের তুলনায় এ পদ্ধতি অনেকখানি কার্যকর।

**কোন ভাষা কেন শিখব**

বর্তমান বিশ্বে প্রফেশনালি তুলনামূলকভাবে বেশি ব্যবহৃত হচ্ছে ইংরেজি। এছাড়াও এর পরে রয়েছে ফ্রান্স, স্প্যানিশ ইত্যাদি। আর এগুলোই কোর্স হিসাবে রেখেছে ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব। সঙ্গে আরও যোগ করা হয়েছে বাংলা ভাষা শেখার কোর্সও, যা শুধু বিদেশীদের জন্য উন্মুক্ত।

ইংরেজি– আমাদের বাংলাদেশের প্রেক্ষাপটে বলা যায় এখানকার অনেক লোকেরই একাডেমিক শিক্ষার ভিত মজবুত হলেও তারা ইংরেজিতে দুর্বল। অনেকে ভালভাবে ইংরেজি না জানার ফলে নিজেকে স্মার্টলি তুলে ধরতে পারছে না অন্যের কাছে। প্রফেশনালি অনেকে বিদেশী বায়ারদের সঙ্গে আলোচনা করতে পারছেন না। তাছাড়া অনেক চাকরিপ্রার্থী ও ছাত্ররা ইংরেজি বলতে না পারায় বিদেশ থেকে ফেরত আসছে।

অন্যদিকে ইংরেজিতে তুলনামূলকভাবে বেশি দক্ষতা দেখিয়ে আমাদের পার্শ্ববর্তী দেশ ভারত আজ অনেক এগিয়ে গেছে।

ফ্রেঞ্চ– মূলত ইংরেজির পরের চাহিদাসম্পন্ন ভাষা ফ্রেঞ্চ। ফ্রান্স ছাড়াও কানাডাসহ বিশ্বের অন্য অনেক দেশে চাকরির ক্ষেত্রে ফ্রেঞ্চ জানা প্রার্থীদের আলাদা চোখে দেখা হয়। তাছাড়া ব্যবসা-বাণিজ্যসহ নানা ক্ষেত্রে তো ফ্রেঞ্চ ভাষার ব্যবহার রয়েছেই।

স্প্যানিশ– আমেরিকায় তাদের নিজস্ব ভাষার পাশাপাশি অনেক ক্ষেত্রেই স্প্যানিশ ভাষার ব্যবহার হচ্ছে। এখানে অনেকেই স্প্যানিশেও কথা বলেন। তাছাড়া ব্যবসা-চাকরিসহ অন্যান্য অনেক ক্ষেত্রেও স্প্যানিশ ভাষার ব্যবহার লক্ষণীয়।

**ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবের সুবিধা**

ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবের রয়েছে নানা আধুনিক ও যুগোপযোগী সুবিধাদি। এগুলোর মধ্যে * নিরিবিলি পরিবেশে শিক্ষাদান * সব ভাষাভাষী মেম্বারকে নিয়ে প্রতি মাসে সেমিনারের আয়োজন * মেম্বারদের সঙ্গে নিয়মিত যোগাযোগ * পুরোপুরিভাবে আধুনিক শিক্ষাদান পদ্ধতি ইত্যাদি ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাবের অন্যতম বৈশিষ্ট্য।

যোগাযোগ– ঢাকা ল্যাঙ্গুয়েজ ক্লাব, বাড়ি-৩৯৫, রোড-২৯, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা, ফোন : ৯৮৮৪৫৩৮ এক্স-১০৬।